# উদ্যোক্তা হবো দেশ গড়বো

## "প্রশিক্ষণে বাড়বে দক্ষতা, আসবে সফলতা"

বাংলাদেশ ব্যাংক ও আল-আরাফাহ ইসলামী ব্যাংকের যৌথ উদ্যোগে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) এর আওতায় আগামী ০১ (এক) মাস মেয়াদি/ ১০০ ঘণ্টা মেয়াদি উদ্যোক্তা উন্নয়নভিত্তিক প্রশিক্ষণ কোর্স শুরু হতে যাচ্ছে। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহীগণ সংযুক্ত লিংক (www.aibl.com.bd/sicip-edp/) থেকে প্রদত্ত নির্দিষ্ট (Business feasibility report template) ফরম ডাউনলোড করুন এবং যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসমূহ সংযুক্ত করে স্ক্যান্ডকপি আগামী ১৫/০৬/২০২৫ এর মধ্যে bb.sicip.aibplc@aibl.com.bd ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের সাথে যথাসময়ে যোগাযোগ করা হবে। বিস্তারিত জানতে লিংকে (www.aibl.com.bd/sicip-edp/) ক্লিক করুন অথবা bb.sicip.aibplc@aibl.com.bd ই-মেইল করুন।

### কোর্সের বৈশিষ্ট্য

- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;
- উদ্ভাবনী ও সৃজনশীল/আমদানি বিকল্প ও রপ্তানিযোগ্য ব্যবসায়িক উদ্যোগকে প্রাধান্য প্রদান;
- প্রতি ব্যাচে আসন সংখ্যা ২৫ জন;
- প্রতিদিন ৫ ঘন্টা করে সপ্তাহে ৫দিন ক্লাস;
- প্রশিক্ষণার্থীকে কোন কোর্স ফি প্রদান করতে হবে না;
- ব্যবসায়িক উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত Business Plan প্রস্তুতে Mentorship Support প্রদান;
- ব্যবসায় সম্প্রসারণে ব্যাংক বিনিয়োগ প্রাপ্তিতে সহায়তা প্রদান।

### প্রশিক্ষণ প্রক্রিয়া

- বাছাইকৃত প্রার্থীদের Interview-এর মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে।

### 'উদ্যোক্তা উন্নয়ন' প্রোগ্রামে অংশগ্রহণের সুবিধাসমূহ

- ব্যাংকের সহায়তায় উদ্ভাবনী উদ্যোক্তাদের উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;
- প্রশিক্ষণকালীন কোনো ফি প্রদান করতে হবে না;
- প্রশিক্ষণকালীন উদ্যোক্তাদের Business Plan প্রণয়ন ও Mentorship Support প্রদান;
- ব্যবসায়িক সম্ভাব্যতা নির্ধারণে বিশেষায়িত পরামর্শ প্রদান;
- প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

### আবেদনকারীর যোগ্যতা

- যারা ব্যবসা করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন/উদ্ভাবনী ব্যবসায়িক ধারণা আছে/ইতিমধ্যে ব্যবসা শুরু করেছেন কিন্তু সঠিক গাইডলাইনের অভাবে বিনিয়োগ পেতে ব্যর্থ হচ্ছেন এমন ব্যক্তি;
- বিশ্ববিদ্যালয় থেকে উদ্যোক্তা/ব্যবসায় সংক্রান্ত বা অন্যান্য বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষার্থীবৃন্দ যাদের উদ্যোক্তা হওয়ার প্রতি বিশেষ আগ্রহ রয়েছে;
- SEIP Tranche-1 প্রকল্পের প্রত্যয়িত SEIP প্রশিক্ষণার্থীসহ অন্যান্য বাস্তবায়নকারী সংস্থা থেকে ট্রেনিংপ্রাপ্ত প্রশিক্ষণার্থী যারা টেকসই সিএমএসএমই উদ্যোক্তা হতে চান এবং নতুন ব্যবসা শুরু করার জন্য অন্যান্য যোগ্যতাসহ Seed Capital সরবরাহ করতে সক্ষম এমন উদ্যোক্তাগণ;
- বয়সসীমা: ২২ বছর থেকে ৫৫ বছরের মধ্যে;
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/সমমান উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংককর্তৃক ইতঃপূর্বে পরিচালিত SEIP Tranche-III এর অধীনে উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচির প্রশিক্ষণার্থী এবং ADB এর অর্থায়নে পরিচালিত অন্য কোনো উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিরা এই প্রোগ্রামের জন্য বিবেচিত হবেন না;
- অন্যান্য:
  - প্রশিক্ষণ চলাকালীন শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও মার্কশীটসমূহ জমা রাখতে হবে;
  - Interview এর মাধ্যমে বাছাইকৃত প্রার্থীদেরকে প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

**Entrepreneurship Development Program**
Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)
SME & Special Programmes Department
Bangladesh Bank

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি.